কালের কণ্ঠ

তারিখ ... 16 NOV 2017
পৃষ্ঠা ... ৩ ... কলাম ... ৫

# নজরুল ইনস্টিটিউট বিল উত্থাপন

**নিজস্ব প্রতিবেদক ▷**

জাতীয় কবি কাজী নজরুল ইসলামের সাহিত্য-সংস্কৃতিমূলক সৃষ্টিকর্ম সংগ্রহ, সংরক্ষণ, প্রকাশ ও প্রচারের লক্ষ্যে প্রতিষ্ঠিত নজরুল ইনস্টিটিউট আইন সংশোধন, সংযোজন, পরিমার্জন ও পুনর্গঠনের জন্য জাতীয় সংসদে একটি বিল উত্থাপন করা হয়েছে। এ সময় বিলটির ওপর আপত্তি উত্থাপন করেন জাতীয় পার্টির সদস্য মো. ফখরুল ইমাম। পরে কণ্ঠভোটে তা নাকচ হয়ে যায়।

গতকাল বুধবার রাতে 'নজরুল ইনস্টিটিউট আইন-২০১৭' নামের বিলটি উত্থাপন করেন সংস্কৃতি বিষয়ক মন্ত্রী আসাদুজ্জামান নূর। স্পিকার ড. শিরীন শারমিন চৌধুরীর সভাপতিত্বে শুরু হওয়া অধিবেশনে বিলটি উত্থাপনের পর তা অধিকতর পরীক্ষা-নিরীক্ষার জন্য সংশ্লিষ্ট সংসদীয় স্থায়ী কমিটিতে পাঠানো হয়েছে। কমিটিকে আগামী এক মাসের মধ্যে প্রতিবেদন দিতে বলা হয়েছে।

গত ৭ আগস্ট মন্ত্রিসভার বৈঠকে বিলটি অনুমোদন দেওয়া হয়। এত দিন নজরুল ইনস্টিটিউট ১৯৯৪ সালের একটি অধ্যাদেশ দ্বারা পরিচালিত হয়ে আসছিল। আদালতের নির্দেশ ও অধ্যাদেশটি একটি পূর্ণাঙ্গ আইনে রূপ দেওয়ার লক্ষ্যে বিলটি আনা হয়েছে। প্রস্তাবিত আইনে বাছাই কমিটির সুপারিশ ও বোর্ডের অনুমোদন সাপেক্ষে প্রতিবছর ব্যক্তি অথবা প্রতিষ্ঠানকে নজরুল পুরস্কার প্রদানের বিধান রাখা হয়েছে। নজরুল সংগীত, সাহিত্য ও অন্যান্য ক্ষেত্রে গুরুত্বপূর্ণ অবদান রাখার স্বীকৃতিস্বরূপ এই পুরস্কার প্রদান করা হবে। এ ছাড়া নজরুল গবেষণাকে উৎসাহিত করতে পদক্ষেপ গ্রহণের প্রস্তাব করা হয়েছে।

বিল বোর্ডের কার্যাবলী, বোর্ডের সভা, নির্বাহী পরিচালক নিয়োগ, কর্মচারী নিয়োগ, ক্ষমতা অর্পণ, ইনস্টিটিউটের তহবিল, বাজেট, হিসাবরক্ষণ ও নিরীক্ষা, বার্ষিক প্রতিবেদন, বিধি-প্রবিধি প্রণয়নের ক্ষমতাসহ সংশ্লিষ্ট অন্যান্য বিষয়ে সুনির্দিষ্ট বিধানের প্রস্তাব করা হয়েছে।